# শরহুল আকীদাহ আল-ওয়াসেতীয়া

বিভাগ/অধ্যায়ঃ যেসব হাদীছে আল্লাহ তাআলার সুউচ্চ সিফাতগুলো সুসাব্যস্ত করা হয়েছে সে ক্ষেত্রে আহলে সুন্নাত ওয়াল জামাআতের অবস্থান

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ সালেহ ফাওযান [অনুবাদ: শাইখ আব্দুল্লাহ শাহেদ আল-মাদানী]

যেসব হাদীছে আল্লাহ তাআলার সুউচ্চ সিফাতগুলো সুসাব্যস্ত করা হয়েছে সে ক্ষেত্রে আহলে সুন্নাত ওয়াল জামাআতের অবস্থান

موقف أهل السنة من هذه الأحاديث التي فيها إثبات الصفات الربانية

যেসব হাদীছে আল্লাহ তাআলার সুউচ্চ সিফাতগুলো সুসাব্যস্ত করা হয়েছে সে ক্ষেত্রে আহলে সুন্নাত ওয়াল জামাআতের অবস্থান:

শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমীয়া (রঃ) বলেন,

إِلَى أَمْثَالِ هَذِهِ الْأَحَادِيثِ الَّتِي يُخْبِرُ فِيهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ رَبِّهِ بِمَا يُخْبِرُ بِهِ فَإِنَّ الْفِرْقَةَ النَّاجِيَةَ أَهْلَ السُّنَّةِ وَالْجَمَاعَةِ يُؤْمِنُونَ بِذَلِكَ كَمَا يُؤْمِنُونَ بِمَا أَخْبَرَ اللَّهُ بِهِ فِي كِتَابِهِ مِنْ غَيْرِ تَحْرِيفٍ وَلَا تَعْطِيلٍ وَمِنْ غَيْرِ تَكْيِيفٍ وَلَا تَمْثِيلٍ

“হে পাঠক! উপরোক্ত হাদীছগুলোর প্রতি লক্ষ্য করুন! অনুরূপ অনেক হাদীছে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর রবের ঐসব সিফাতের সংবাদ দিয়েছেন যা তাঁর রব তাঁকে জানিয়েছেন। আল্লাহ তাআলা তাঁর কিতাবে যেসব সুউচ্চ সিফাতের সংবাদ দিয়েছেন মুক্তিপ্রাপ্ত দল তথা আহলে সুন্নাত ওয়াল জামাআতের লোকেরা সেসব সুমহান সিফাতের প্রতি বিশ্বাস করে। ঠিক তেমনি তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদীছগুলোতে বর্ণিত সিফাতগুলোর প্রতিও বিশ্বাস করে। তারা ঐসব সিফাতের কোন পরিবর্তন করেনা, কোনটিকেই বাতিল করেনা এবং এগুলো থেকে কোনটির ধরণ, কায়া কিংবা উপমাও পেশ করেনা।

---

ব্যাখ্যাঃ এখানে শাইখুল ইসলাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিত আল্লাহ তাআলার সুউচ্চ সিফাতের হাদীছগুলোর ব্যাপারে আহলে সুন্নাত ওয়াল জামাআতের লোকদের অবস্থান বর্ণনা করেছেন। এ ব্যাপারে তাদের অবস্থান ঠিক কুরআনে উল্লেখিত আল্লাহ তাআলার সিফাতের আয়াতসমূহের প্রতি তাদের অবস্থানের অনুরূপ। তা হলো হাদীছগুলোর প্রতি ঈমান আনয়ন করা এবং ঐগুলোর প্রকৃত ও আসল অর্থে বিশ্বাস করা। হাদীছের শব্দমালা যেই বাহ্যিক অর্থ প্রদান করে, তারা সেই বাহ্যিক অর্থকে বিভিন্ন প্রকার বাতিল ব্যাখ্যার মাধ্যমে অন্য অর্থে পরিবর্তন করেনা, হাদীছের শব্দসমূহ যা প্রমাণ করে, তারা তা অস্বীকার করেনা এবং বাতিলও করেনা। সেই সাথে তারা হাদীছসমূহে উল্লেখিত আল্লাহর সিফাতসমূহকে সৃষ্টিসমূহের সিফাতের সাথে তুলনাও করেনা। কেননা আল্লাহর সদৃশ কোন কিছুই নেই।

আহলে সুন্নাত ওয়াল জামাআতের লোকদের তরীকা ঐসব বিদআতী, জাহমীয়া, মুতাযেলা এবং আশায়েরাদের তরীকার বিপরীত, যারা আল্লাহর সিফাত সম্পর্কিত দলীলগুলোকে অস্বীকার করে অথবা সেগুলো যা প্রমাণ করে,

তার অপব্যাখ্যা করে। তারা ঐসব মুশাবেবহা (আল্লাহর সিফাতকে বান্দার সিফাতের সাথে তুলনাকারী) সম্প্রদায়েরও বিপরীত, যারা আল্লাহর সিফাত সাব্যস্ত করতে গিয়ে বাড়াবাড়ি করেছে। এমনকি তারা আল্লাহকে সৃষ্টির সাথে তুলনা করে ফেলেছে। অর্থাৎ তারা বলেছে আল্লাহর সিফাতগুলো মাখলুকের সিফাতের মতই। বস্তুতঃ তারা যা বলে, আল্লাহ তাআলা তার অনেক উর্ধ্বে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8520

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন